



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয়
কার্যালয়, রাজশাহী



dnrcrp.rajshahidiv.gov.bd

নম্বর ২৬.০৪.৮১০০.৫০১.১৭.০০৭.২০.১১১

তারিখ: ৫ মাঘ ১৪২৮

১৯ জানুয়ারি ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ১৯ জানুয়ারি ২০২২ তারিখে রাজশাহী বিভাগীয় কার্যালয়ের ০২টি টিম কর্তৃক রাজশাহী মহানগরের মতিহার ও বোয়ালিয়া থানায় পরিচালিত বাজার তদারকি কার্যক্রম সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি।

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের রাজশাহী বিভাগীয় কার্যালয় কর্তৃক ১৯/০১/২০২২ খ্রি: তারিখে উপ-পরিচালক জনাব অপূর্ব অধিকারী ও সহকারী পরিচালক হাসান-আল-মারুফ এর নেতৃত্বে রাজশাহী মহানগরের মতিহার ও বোয়ালিয়া থানাধীন এলাকায় অভিযান পরিচালিত হয়। উপ-পরিচালক অপূর্ব অধিকারী তালাইমারি এলাকায় ঐশী ফুড কর্ণার কে মোড়কজাত পণ্যে সর্বোচ্চ খুচরা বিক্রয়মূল্য না থাকার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৩৭ অনুযায়ী ১,০০০/- টাকা এবং মতিহার থানার মোড় এলাকায় সাইফুল ভ্যারাইটি স্টোর কে মোড়কজাত পণ্যে সর্বোচ্চ খুচরা বিক্রয়মূল্য না থাকার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৩৭ অনুযায়ী ৩,০০০/- টাকা জরিমানা করেন। অপরদিকে সহকারী পরিচালক জনাব হাসান-আল-মারুফ তালাইমারি মোড় এলাকায় শাওন ফার্মেসী কে প্রতিশ্রুত পণ্য যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৪৫ অনুযায়ী ২,০০০/- টাকা ও মেয়াদোত্তীর্ণ ঔষধ বিক্রয় ও বিক্রয়ের জন্য সংরক্ষণ করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৫১ অনুযায়ী ৩,০০০/- টাকা জরিমানা করেন। তিনি সাগরপাড়া এলাকায় নেসার স্টোর কে মোড়কজাত পণ্যে সর্বোচ্চ খুচরা বিক্রয় মূল্য না থাকার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৩৭ অনুযায়ী ১,০০০/- টাকা ও মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ধারা ৩৮ অনুযায়ী ১,০০০/- টাকা জরিমানা করেন। আজকের ০২টি অভিযানে সর্বমোট ১১,০০০/- টাকা জরিমানা করা হয়েছে। অভিযান চলাকালে ভোক্তা ও ব্যবসায়ীদের মাঝে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন ২০০৯ সম্বলিত লিফলেট ও মাস্ক বিতরণ করা হয় ও আইনটি মেনে চলতে উদ্বুদ্ধ করা হয়। রাজশাহী মেট্রোপলিটন পুলিশের সহায়তায় উপর্যুক্ত অভিযান পরিচালিত হয়েছে। জনস্বার্থে এই অভিযান অব্যাহত থাকবে।

১৯-১-২০২২

অপূর্ব অধিকারী

উপপরিচালক

ফোন: ০৭২১-৭৭২৭৭৪

ফ্যাক্স: ০৭২১-৭৭৫৪০৬

ইমেইল: dd-

rajshahi@dnrcrp.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মহাপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।
- ৩) পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী।
- ৪) জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
- ৫) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, এডিএম, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
- ৬) সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয়।
- ৭) সহকারী পরিচালক (মেট্রো), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয়।
- ৮) অফিস কপি।